Royal College of Anaesthetists

অ্যানেস্থেটিক্স –
ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ
বুকের সংক্রমণ

এই লিফলেট সম্পর্কে

এই লিফলেটে **জেনারেল অ্যানেস্থেসিয়ার** পরে **বুকের সংক্রমণের** ঝুঁকি সম্পর্কে আলোচনা করা হয়েছে। জেনারেল অ্যানেস্থেটিক নিলে আপনার এই পার্শ্বপ্রতিক্রিয়া অনুভূত হতে পারে। লিফলেটটিতে বুকের সংক্রমণের কারণ এবং এটি হলে কী করা যেতে পারে তা ব্যাখ্যা করা হয়েছে।

জেনারেল অ্যানেস্থেটিক হলো এমন ওষুধ যা গভীর ঘুমের মতো অবস্থায় নিয়ে যায়। কিছু অপারেশন ও চিকিৎসার জন্য এটি আবশ্যিক। জেনারেল অ্যানেস্থেটিকের সময় আপনি অচেতন থাকেন এবং কিছুই অনুভব করেন না।

আপনি আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিক সম্পর্কে পড়তে পারবেন, এটি বিভিন্ন ভাষায় পাওয়া যাচ্ছে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages।

বুকের সংক্রমণ কী এবং অপারেশনের পরে কেন এটি হতে পারে?

- কাশি আপনার ফুসফুস থেকে কফ বের করে দেয়। কফ হলো আপনার ফুসফুস ও বুকে থাকা শ্লেষ্মা।
- জেনারেল অ্যানেস্থেটিক ফুসফুস থেকে কফ বের হওয়ার পদ্ধতির ওপর প্রভাব ফেলতে পারে।
- কিছু অপারেশনের ফলে কাশি দেওয়া কঠিন হয়ে পড়ে এবং কাশির সময় ব্যথা হয়।
- সহজে কাশতে ও কফ বের করতে না পারলে এগুলো আপনার ফুসফুসে জমা হতে পারে এবং সংক্রমণ হতে পারে। উদাহরণস্বরূপ, নিউমোনিয়া হলো এক ধরনের বুকের সংক্রমণ।

এটি হওয়ার সম্ভাবনা কতটা?

আপনার বুকে সংক্রমণ হওয়ার সম্ভাবনা বেশি এবং পরবর্তীতে আরও পরিচর্যার প্রয়োজন হবে যদি :

- আপনার দীর্ঘমেয়াদী অসুস্থতা থাকে অথবা অপারেশনের আগে থেকেই আপনার অবস্থা খুব খারাপ থাকে
- অপারেশনের পরে আপনার পক্ষে কার্যকরভাবে কাশি দেওয়া কষ্টকর হয়, উদাহরণস্বরূপ, আপনার পেটে অপারেশন করা হলে অথবা আপনি স্বাভাবিক চলাফেরা করতে না পারলে
- আপনি ধূমপায়ী হন।

এসব ঝুঁকির কারণ থাকা **প্রতি ১০০ জনের মধ্যে**



২-২০ জনের বুকে সংক্রমণ হয়েছে **৮০-৯৮ জনের হয়নি**

সংখ্যাগুলো গবেষণা থেকে পাওয়া গিয়েছে। এসব সংখ্যা আমরা কোথা থেকে পেয়েছি জানতে আমাদের ওয়েবসাইট দেখুন : www.rcoa.ac.uk/patientinfo/risks/evidence।

আমার বুকে সংক্রমণ হলে কী করণীয়?

যে টিম আপনার দেখাশোনা করছে, তারা আপনার বুকে সংক্রমণ আছে কি না জানতে এবং এর কারণ খুঁজে বের করার জন্য কিছু পরীক্ষা করবেন।

- বুকের সংক্রমণের কারণে আপনার শ্বাস নিতে কষ্ট হতে পারে। এমনটি ঘটলে আপনার দল আপনাকে সাহায্য করবে। উদাহরণস্বরূপ, তারা আপনাকে একটি মাস্কের মাধ্যমে অক্সিজেন দিতে পারেন।
- আপনার বুকে বা পিঠে ব্যথা হতে পারে এবং খুব ক্লান্ত বোধ করতে পারেন।
- কখনও কখনও আপনার রক্তচাপ কমে যেতে পারে এবং আপনার হৃৎস্পন্দন দ্রুত হতে পারে। আপনার টিম আপনার রক্তচাপ এবং হৃৎস্পন্দনের হার পর্যবেক্ষণ করবেন।

বুকের সংক্রমণের চিকিৎসা কীভাবে করা হয়?

বুকের সংক্রমণের চিকিৎসার জন্য আপনার তত্ত্বাবধানকারী টিম বিভিন্ন পদক্ষেপ নিতে পারেন।

অ্যান্টিবায়োটিক

ব্যাকটেরিয়া বা ভাইরাসের কারণে বুকের সংক্রমণ হতে পারে। যদি আপনার সংক্রমণ ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট হয়, তাহলে আপনার ডাক্তার আপনাকে অ্যান্টিবায়োটিক দিতে পারেন। অ্যান্টিবায়োটিক যেভাবে দেওয়া হতে পারে :

- ক্যানুলা ('ড্রিপ') নামে পরিচিত খুব পাতলা একটি প্লাস্টিকের নলের মাধ্যমে যা আপনার শিরায় প্রবেশ করে
- গিলে ফেলার ট্যাবলেটের মাধ্যমে।

ইন্ট্রাভেনাস ফ্লুইড

টিম সরাসরি আপনার শিরায় ক্যানুলার মাধ্যমে তরল প্রদান করতে পারেন। এগুলো আপনার ফুসফুসের শ্লেষ্মা নরম করতে সাহায্য করে যাতে কফ সহজে বের হয়ে আসে। এটি সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতেও সাহায্য করতে পারে।

অক্সিজেন

কখনও কখনও ফেসমাস্ক বা আপনার নাকের ছিদ্র দিয়ে ছোটো প্লাস্টিকের টিউবের মাধ্যমে অক্সিজেন প্রবেশ করানো হতে পারে। অক্সিজেন বেশ শব্দ তৈরি করতে পারে এবং আপনার মুখ ও নাক শুষ্ক করে তুলতে পারে।

যদি আপনার সংক্রমণ খুব গুরুতর হয়, তাহলে আপনাকে ইনটেন্সিভ কেয়ার ইউনিট বা হাই ডিপেন্ডেন্সি ইউনিটে নেওয়া লাগতে পারে। প্রয়োজনে, আপনার শ্বাস নিতে সাহায্য করার জন্য একটি মেশিন

(ভেন্টিলেটর) ব্যবহার করা হতে পারে। এই মেশিন ব্যবহারের প্রয়োজন হলে আপনাকে ঘুমের ওষুধ দেওয়া হবে।

ফিজিওথেরাপি

টিমের পক্ষ থেকে আপনাকে একজন ফিজিওথেরাপিস্টের কাছে পাঠানো হতে পারে। তিনি আপনাকে দেখাবেন কীভাবে কফ বের করার জন্য আরও কার্যকরভাবে শ্বাস নিতে হয় এবং কাশতে হয়।

এটি কীভাবে প্রতিরোধে সহায়তা করতে পারে?

যদি আপনার অ্যানেস্থেটিস্ট মনে করেন যে আপনার বুকে সংক্রমণ হওয়ার ঝুঁকি রয়েছে, তাহলে অপারেশনের আগে তিনি আপনার সাথে কথা বলবেন। তিনি আপনার সাথে নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে আলোচনা করবেন :

- অপারেশনের পরে আপনার বুকে সংক্রমণ হওয়ার সম্ভাবনা কতটা?
- আপনার জন্য ভিন্ন কোনো ধরনের অ্যানেস্থেটিক উপযুক্ত কি না, যেমন রিজিওনাল অ্যানেস্থেটিক
- বুকের সংক্রমণের ঝুঁকি কমাতে অপারেশনের পরে আপনার অতিরিক্ত পরিচর্যার প্রয়োজন হতে পারে কি না। উদাহরণস্বরূপ, আপনার শ্বাস-প্রশ্বাসের জন্য অতিরিক্ত ব্যথা উপশমকারী ওষুধ বা ফিজিওথেরাপির প্রয়োজন হতে পারে।

আমি নিজে কী করতে পারি?

অপারেশনের আগে

- যদি আপনাকে ফ্লু ভ্যাকসিন দেওয়া হয়, তাহলে এটি গ্রহণের কথা বিবেচনা করুন কারণ এটি বুকের সংক্রমণের ঝুঁকি কমাতে পারে।
- আপনি ধূমপান করে থাকলে হাসপাতালে যাওয়ার ছয় সপ্তাহ আগে ধূমপান ছাড়ার চেষ্টা করুন। যদি আপনি ধূমপান ত্যাগ করতে না পারেন, তাহলে অপারেশনের আগের দিনগুলোতে ধূমপান বন্ধ করার চেষ্টা করা গুরুত্বপূর্ণ। এটি আপনার ফুসফুসকে ধোঁয়ার ক্ষতি থেকে সেরে ওঠার জন্য সময় দেয় এবং সংক্রমণের বিরুদ্ধে আরও প্রতিরোধী করে তোলে।
- সাহায্য পেতে ভিজিট করুন www.nhs.uk/smokefree এবং www.cpoc.org.uk/stopping-smoking।

অপারেশনের পর

- অপারেশনের পর আপনার ব্যথা হলে অবিলম্বে টিমকে জানান। তারা আপনাকে পর্যাপ্ত পরিমাণে ব্যথা উপশমকারী ওষুধ দিতে পারেন যা আপনাকে গভীরভাবে শ্বাস নিতে এবং আরও সহজে কাশতে সাহায্য করবে।
- আপনাকে তরল পান করতে উৎসাহিত করা হবে। এটি আপনার ফুসফুসের শ্লেষ্মা নরম করতে এবং সহজে কফ বের করতে সাহায্য করতে পারে।
- অপারেশনের পর কার্যকরভাবে শ্বাস নিতে ও কাশি দিতে আপনার টিম আপনাকে যে ব্যায়ামের পরামর্শ দিয়েছেন তা মেনে চলুন।

দায় বর্জন বিবৃতি

এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার জন্য আমাদের যথাসাধ্য প্রচেষ্টা থাকলেও আমরা এর নিশ্চয়তা দিতে পারি না। আমরা আশা করি না যে এসব সাধারণ তথ্য আপনার সমস্ত প্রশ্নের উত্তর দেবে অথবা আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে এমন সকল কিছুর সমাধান করবে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসাবে ব্যবহার করে আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ ও উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসক দলের সাথে আলোচনা করুন। এই লিফলেটটি পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনো বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতিটি দেখতে অনুগ্রহ করে এই লিংকটি দেখুন : (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali)।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স-এর অনুবাদক কমিউনিটি দ্বারা সরবরাহ করা হয়। এই অনুবাদগুলোর মান পরীক্ষা করা হয় যাতে করে এগুলো যথাসম্ভব নির্ভুল হয়, তবে তারপরেও কিছু ভুল তথ্য ও তথ্যের ভুল ব্যাখ্যার ঝুঁকি থেকে যায়।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :
patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, নভেম্বর ২০২৪
এই প্রচারপত্র প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© **2024 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সংবলিত উপাদান তৈরি করতে এই প্রচারপত্রটির প্রতিলিপি তৈরি করা যেতে পারে। অনুগ্রহ করে এই মূল উৎসটি উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান, তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং, ছবি ও আইকনগুলো সরিয়ে নিতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।